



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে সিএ ক্যারিয়ার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ সেপ্টেম্বর ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সিএ (চার্টার্ড একাউন্টেন্ট) ক্যারিয়ার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ ও আইসিএবির যৌথ আয়োজনে অদ্য ১৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সেমিনার অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিএবির প্রেসিডেন্ট শাহাদাত হোসেন এফসিএ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, আইসিএবির ভাইস প্রেসিডেন্ট এন কে এ মবিন এফসিএ এবং আইসিএবির ভাইস প্রেসিডেন্ট ফৌজিয়া হক এফসিএ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান রাকিবুল ইসলাম। সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন আইসিএবির সিইও সুভাষীষ বোস, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলম, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক সুজন চন্দ্র পাল, সহকারী অধ্যাপক ড. প্রবীর কুমার ভৌমিক, সহকারী অধ্যাপক আবদুল আলিম বছিরসহ অন্যান্যরা। সেমিনারে বক্তারা সিএ (চার্টার্ড একাউন্টেন্ট) ক্যারিয়ার বিষয়ের উপর বিস্তারিত আলোকপাত করে শিক্ষার্থীদের এ বিষয়ের উপর উৎসাহ প্রদান করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী ফাহিমা আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়